

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৮০

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০

০১ নভেম্বর ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৯৪৪৯/২০২৩, ৯১৫৯/২০২৩, ১১৫২৯/২০২৩ এবং ১১২২৫/২০২৩) পরিচালনা সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বেতন-ভাতা প্রদান/সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-৯ সংশোধনপূর্বক বেসরকারী আমলে প্রাপ্ত বেতন স্কেল অনুযায়ী ৭ম গেডে বেতন নির্ধারণ/সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৭ম শ্রেণিতে সন্তান ভর্তি/এমপিও আবেদন অগ্রায়ন না করার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| ক্র.নং | মামলা নং | যে সংক্রান্ত মামলা | বাদীর নাম ঠিকানা | বিবাদীর নাম | পরিচালনা কর্তৃপক্ষ |
|--------|-----------|--|--|---|---|
| ১ | ৯৪৪৯/২০২৩ | বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন "বাইনচটকী মাধ্যমিক বিদ্যালয়" এর সহকারী শিক্ষক জনাব মোসাঃ রুনা আক্তার বেতন-ভাতা প্রদান সংক্রান্ত। | জনাব মোসাঃ রুনা আক্তার, সহকারী শিক্ষক, বাইনচটকী মাধ্যমিক বিদ্যালয়, পাথরঘাটা, বরগুনা। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৬ (ছয়) জন। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ২ | ৯১৫৯/২০২৩ | সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮-এর বিধি-৯ সংশোধনপূর্বক বেসরকারী আমলে প্রাপ্ত বেতন স্কেল অনুযায়ী ৭ম গেডে বেতন নির্ধারণ সংক্রান্ত। | জনাব মোহাম্মদ হাফিজ আহাম্মদ, প্রভাষক (বাংলা), মুলাদী সরকারী কলেজ (সদ্য জাতীয়করণকৃত), মুলাদী, বরিশাল এবং গং। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৮ (আট) জন। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

| | | | | | |
|---|------------|--|---|---|---|
| ৩ | ১১৫২৯/২০২৩ | চাকরিজনিত কারণে রাণীশংকৈল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হতে ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৭ম শ্রেণিতে সন্তান ভর্তি সংক্রান্ত। | জনাব মোসা: তানজিনা পারভীন, ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৭ম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীর অভিভাবক, সদর, ঠাকুরগাঁও। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৪ (চার) জন। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ৪ | ১১২২৫/২০২৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আদেশ মোতাবেক জেলা শিক্ষা অফিসার কর্তৃক তদন্ত সমাপ্ত না হওয়া পর্যন্ত জনাব শারমিনা পারভীন এর এমপিও আবেদন অগ্রায়ন না করা। | জনাব আবদুল্লাহ খবির, সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা), রায়নগর আদর্শ জুনিয়র মাধ্যমিক বিদ্যালয়, শিবগঞ্জ, বগুড়া। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগসহ মোট ০৮ (আট) জন। | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলাসমূহ (রিট পিটিশন নং-৯৪৪৯/২০২৩, ৯১৫৯/২০২৩, ১১৫২৯/২০২৩ এবং ১১২২৫/২০২৩) সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

ইমেইল: law.section1@shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৮০/১(৩)

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০

০১ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১-১১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব